

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৪২৫

আগরতলা, ১ অক্টোবর, ২০২৪

নবকলেবরে স্বাস্থ্য সংবাদের দ্বিতীয় সংখ্যার আনুষ্ঠানিক প্রকাশ করলেন মুখ্যমন্ত্রী



নবকলেবরে প্রকাশিত হল স্বাস্থ্য সংবাদের দ্বিতীয় সংখ্যা। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা আজ জাতীয় রক্তদান দিবস, এবি-পিএমজেএওয়াই এর ষষ্ঠ বর্ষ পূর্তি ও এবিডিএম এর ৩য় বর্ষ পূর্তি অনুষ্ঠানে এই স্বাস্থ্য সংবাদের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এই স্বাস্থ্যসংবাদে রাজ্যের স্বাস্থ্য সচিব কিরণ গিত্যের শুভেচ্ছা বার্তা রয়েছে। আজ এই স্বাস্থ্য সংবাদের আনুষ্ঠানিক উদ্বোধন পর্বে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা, স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অতিরিক্ত সচিব রাজীব দত্ত, জাতীয় স্বাস্থ্য মিশনের মিশন অধিকর্তা ও অতিরিক্ত সচিব ডাঃ সমিত রায় চৌধুরী, ভারপ্রাপ্ত স্বাস্থ্য শিক্ষা অধিকর্তা প্রফেসর (ডাঃ) এইচ. পি শর্মা, ডিআইজি ইঞ্জার মনচাক দায়নোবা, টিএইচপিএস এর সিইও ডাঃ শুভেন্দু দেববর্মা, বিভিন্ন দপ্তরের অধিকারিক ও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। স্বাস্থ্য দপ্তর নিরন্তরভাবে জনগণকে উন্নতমানের স্বাস্থ্য পরিষেবা প্রদান করে আসছে। এই কর্মযজ্ঞ সম্পর্কে জনগণকে ওয়াকিবহাল করার পাশাপাশি যে সমস্ত স্বাস্থ্যকর্মীরা নিরলসভাবে দিবারাত্র পরিষেবা দিয়ে যাচ্ছেন, তাদেরকে উৎসাহিত করার লক্ষ্যে এই স্বাস্থ্য সংবাদ প্রকাশিত হল। উল্লেখ্য মুখ্যসচিব জে কে সিনহা স্বাস্থ্য সচিব থাকাকালীন প্রতি মাসে স্বাস্থ্য দপ্তর যে প্রেস রিলিজ গুলি প্রকাশ করত সেগুলি সংকলিতভাবে স্বাস্থ্য সংবাদ হিসেবে দপ্তরে সংরক্ষিত হত। বেশ কয়েক মাস বন্ধ থাকার পর স্বাস্থ্য সচিব কিরণ গিত্যের আন্তরিক আগ্রহে স্বাস্থ্য সংবাদ প্রকাশিত হয়। এটিকে স্বাস্থ্য দপ্তরের প্রচারের মুখপত্র হিসেবে রূপ দেওয়া হয়। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা জুন ২০২৪ সংখ্যা ইতিপূর্বে প্রকাশ করেন। এবার সেপ্টেম্বর, ২০২৪ সংখ্যাটি প্রকাশ করলেন মাননীয় মুখ্যমন্ত্রী। এই স্বাস্থ্য সংবাদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের পক্ষ থেকে প্রস্তুত করা হয় এবং এর প্রকাশনার দায়িত্বে রয়েছে জাতীয় স্বাস্থ্য মিশন ত্রিপুরা। স্বাস্থ্য সংবাদ-এ দপ্তরের বিভিন্ন কার্যক্রম ও সাফল্যের চিত্র তুলে ধরা হয়েছে। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধ দপ্তরের অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
